দূরালাপনী ঃ অফিস ৭৬২৯৪৪
ফ্যাক্স নং ঃ ০৪১-২৮৫০৩৭০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি বি এল কলেজ, খুলনা

২০১২ সালের মাস্টার্স শেষপর্ব নিয়মিত, অনিয়মিত, অকৃতকার্য, প্রাইভেট ও মানোন্নয়ন পরীক্ষার আবেদন ফরম পূরণের সংশোধিত বিজ্ঞপ্তি

আবেদনকারীকে (নিজে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nubd.info/mf এ প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড ও বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত ফি উল্লেখ থাকবে (কলেজের ফি বাদে)। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজের নির্ধারিত কাউন্টারে জমা দিতে হবে।

ফরম পূরণ সংক্রান্ত কোন প্রকার ত্রুটি হলে ই-মেইল করুন ঃ mf@nubd.info (প্রয়োজনে)

* পরীক্ষার আবেদন ফরম পূরণের পূর্বে নিয়মিত ও অনিয়মিত ছাত্র-ছাত্রীকে অবশ্যই টিউটোরিয়াল পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। টিউটোরিয়াল পরীক্ষা ব্যতিত কোন আবেদন ফরমে সুপারিশ না করতে বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হল।
* নিয়মিত ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন কার্ড স্ব স্ব বিভাগ হতে গ্রহণ করতে হবে।
* প্রাইভেট ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন কার্ড প্রশাসনিক ভবন হতে মূল টোকেন দেখিয়ে আগামী ২৭.০৬.২০১৫ তারিখে গ্রহণ করতে হবে।
* ২০১১-২০১২ শিক্ষাবর্ষের সে সকল ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন কার্ডে আইসিটি কোড 6666 আছে তাদেরকে আবেদন ফরমের সাথে ২২৫০/- টাকা অতিরিক্ত প্রদান করতে হবে।

ক্রঃ নং	জমাদানের তারিখ	পরীক্ষার্থীর প্রকার	বিষয়ের নাম	জমাদানের সময়
১।	১০.০৬.২০১৫ খ্রি.	অনিয়মিত	সকল বিষয় (২০০৯-২০১০ ও ২০১০-২০১১ শিক্ষাবর্ষ) প্রাইভেট (২০১১ ও ২০১০ শিক্ষাবর্ষ)	দুপুর ২টা থেকে ৩টা পর্যন্ত
২।	১১.০৬.২০১৫ খ্রি.	অকৃতকার্য ও মানোন্নয়ন	সকল বিষয় (২০০৯-২০১০ ও ২০১০-২০১১ শিক্ষাবর্ষ) প্রাইভেট (২০১১ ও ২০১০ শিক্ষাবর্ষ)	দুপুর ২টা থেকে ৩টা পর্যন্ত
২।	১৩.০৬.২০১৫ খ্রি.	নিয়মিত	সমাজবিজ্ঞান, পদার্থ, রসায়ন, উদ্ভিদ, প্রাণি, গণিত (শিক্ষাবর্ষ- ২০১১-২০১২)	দুপুর ২টা থেকে ৩টা পর্যন্ত
৩।	১৫.০৬.২০১৫ খ্রি.	নিয়মিত	বাংলা, ইংরেজি (শিক্ষাবর্ষ- ২০১১-২০১২)	দুপুর ২টা থেকে ৩টা পর্যন্ত
৪।	১৬.০৬.২০১৫ খ্রি.	নিয়মিত	রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি (শিক্ষাবর্ষ- ২০১১-২০১২)	দুপুর ২টা থেকে ৩টা পর্যন্ত
৫।	১৮.০৬.২০১৫ খ্রি.	নিয়মিত	ইতিহাস, ইসলামের ইতিহাস (শিক্ষাবর্ষ- ২০১১-২০১২)	দুপুর ২টা থেকে ৩টা পর্যন্ত
৬।	২০.০৬.২০১৫ খ্রি.	নিয়মিত	দর্শন, ইসলামী শিক্ষা (শিক্ষাবর্ষ- ২০১১-২০১২)	দুপুর ২টা থেকে ৩টা পর্যন্ত
৭।	২২.০৬.২০১৫ খ্রি.	নিয়মিত	হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা (শিক্ষাবর্ষ- ২০১১-২০১২)	দুপুর ২টা থেকে ৩টা পর্যন্ত
৮।	২৮.০৬.২০১৫ ও ২৯.০৬.২০১৫ খ্রি.	প্রাইভেট	সকল বিষয় (শিক্ষাবর্ষ- ২০১২)	সকাল ১০টা থেকে ১টা পর্যন্ত

বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।

অনলাইন আবেদন ফরমের টাকা বাদে কলেজের প্রাপ্য ঃ

বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, ইসলামী শিক্ষা, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, গণিত = ৬২৫/-
পদার্থ, রসায়ন, উদ্ভিদ, প্রাণি = ৫৯৫/- টাকা। প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য = ৪৭৫/=
মানোন্নয়ন পরীক্ষার্থীদের অনলাইনের আবেদন ফরমের টাকা বাদে কলেজের প্রাপ্য ৪০০/- টাকা ।
অকৃতকার্য পরীক্ষার্থীদের অনলাইনের আবেদন ফরমের টাকা বাদে কলেজের প্রাপ্য শুধুমাত্র মৌখিক হলে ৪৭৫/-, ব্যবহারিক হলে ৫২০/-, টিউটোরিয়াল হলে ৫৫০/- টাকা

১। আবেদন ফরম পূরণের যোগ্যতা ঃ

ক) ২০১১-২০১২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব পরীক্ষার জন্য বিধি সম্মতভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিবন্ধিত নিয়মিত শিক্ষার্থী এবং ২০১২ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী।

খ) শুধুমাত্র ২০১১ সালের মাস্টার্স শেষপর্ব পরীক্ষায় অংশগ্রহণ করে যে সব পরীক্ষার্থী মৌখিক/ ব্যবহারিক/ টিউটোরিয়াল পরীক্ষায় উত্তীর্ণ (৪০% বা বেশী নম্বর হয়েছে) কিন্তু তত্ত্বীয় পত্রে গড়ে ৩৬% নম্বর না পাওয়ায় অকৃতকার্য হয়েছে তারা তত্ত্বীয় যে সব পত্রে ৪৫% এর কম নম্বর পেয়েছে শুধু সে সকল পত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে। এক্ষেত্রে উক্ত পরীক্ষার্থীদের ৪৫% এর বেশি পাওয়া তত্ত্বীয় পরীক্ষার নম্বর বহাল থাকবে। এক্ষেত্রে ২০১১ এবং ২০১২ সালের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মধ্যে যেটি বেশি সে নম্বর বহাল করে ফলাফল প্রকাশ করা হবে। তবে ২০১০ সালের পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না। এ বিষয়ে কারো কোন প্রশ্ন থাকলে ফরম পূরণের পূর্বেই বিশ্ববিদ্যালয় হতে জেনে নিতে হবে।

গ) ২০১০ শিক্ষাবর্ষের নিবন্ধিত এবং ২০১১ শিক্ষাবর্ষের নিবন্ধিত প্রাইভেট যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় আদৌ অংশগ্রহণ করতে পারেনি তারাও ২০১২ সালের মাস্টার্স শেষপর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঘ) ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের নিবন্ধিত এবং ২০১০ শিক্ষাবর্ষের নিবন্ধিত প্রাইভেট যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় আদৌ অংশগ্রহণ করেনি অথবা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে অথবা আংশিক পরীক্ষায় অংশগ্রহণ করেছে তারা ২০১২ সালের মাস্টার্স শেষপর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে শর্ত থাকে যে, উক্ত পরীক্ষার্থীকে সকল পত্রেই অংশগ্রহণ করতে হবে।

ঙ) ২০০৯-২০১০ ও ২০১০-২০১১ শিক্ষাবর্ষের যে সকল ছাত্র-ছাত্রী ২০১১ সালের পরীক্ষার আবেদন ফরম পূরণ করেনি তাদেরকে পুনভর্তিঃ হয়ে ২০১২ সালের মাস্টার্স শেষপর্ব পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে পারবে। পুনঃভর্তি ফিস (সেমিনার ফিস বাদে) ১৫৭০/= টাকা আবেদন ফরমের সাথে অতিরিক্ত জমা দিতে হবে।

চ) অকৃতকার্য পরীক্ষার্থীদের মৌখিক/ ব্যবহারিক/ টিউটোরিয়াল পরীক্ষার পূর্ববর্তী বছরের প্রাপ্ত নম্বর বহাল থাকবে।

ছ) ২০১১ সালের পরীক্ষায় তত্ত্বীয় পত্রে উত্তীর্ণ (গড়ে ৩৬% নম্বর প্রাপ্ত) কোন পরীক্ষার্থী মৌখিক/ ব্যবহারিক/ টিউটোরিয়াল যে কোন ১টি পত্রে অকৃতকার্য (৪০% এর কম নম্বর হলে ২০১২ সালে ঐ এক পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এক্ষেত্রে তার ২০১১ সালের তত্ত্বীয় ও অন্যান্য পত্রে প্রাপ্ত নম্বর বহাল থাকবে। একাধিক পত্রে অকৃতকার্য পরীক্ষার্থীকে সকল পত্রের (তত্ত্বীয়, ব্যবহারিক ও মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

জ) ২০১২ সালের আইসিটিসহ এম. এ/এম.এস.এস./এম.বি.এস/এম.এসসি শেষপর্ব পরীক্ষায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক সর্বশেষ প্রণীত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

মানোন্নয়ন পরীক্ষার্থীদের অংশগ্রহণের শর্তাবলী ঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের শুধুমাত্র ২০১১ সালের মাস্টার্স শেষপর্ব পরীক্ষায় ৩য় শ্রেণি প্রাপ্ত ছাত্র-ছাত্রীগণ নিম্নে উল্লিখিত শর্তে ২০১২ সালের মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) ৩য় শ্রেণি প্রাপ্ত একজন ছাত্র-ছাত্রী শুধু পরবর্তী বছর তত্ত্বীয় পরীক্ষায় সংশ্লিষ্ট বছরের জন্য প্রযোজ্য সিলেবাসের আওতায় একবার মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে কর্মরত কলেজ শিক্ষকদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের অনুমতি সাপেক্ষে পরীক্ষা পাসের ০৩ (তিন) বছরের মধ্যে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এক্ষেত্রে কেবলমাত্র ৪৫% এর কম নম্বর প্রাপ্ত সকল পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

গ) মানোন্নয়ন পরীক্ষার্থীদের মৌখিক/ ব্যবহারিক/ টিউটোরিয়াল পরীক্ষার পূর্বের প্রাপ্ত প্রাপ্ত নম্বর বহাল থাকবে।

ঘ) মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে পরীক্ষার্থী পাসের শ্রেণি উন্নীত হলে তার পূর্বের প্রাপ্ত তৃতীয় শ্রেণির ডিগ্রি প্রত্যাহার করা হবে। ২য় বা ১ম শ্রেণিতে উত্তীর্ণ না হলে তার পূর্বে প্রাপ্ত শ্রেণি বহাল থাকবে। এক্ষেত্রে শ্রেণি উন্নয়ন না হয়ে প্রাপ্ত নম্বরের উন্নয়ন হলে আবেদন সাপেক্ষে পূর্বের গৃহীত সনদ ও নম্বরপত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ে জমা দিয়ে নতুন সনদ ও নম্বরপত্র গ্রহণ করতে হবে।

৩। বিভাগীয় প্রধানগনকে জানাচ্ছি যে, পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদালয়ের ওয়েব সাইটে সরাসরি অনলাইনে সঠিক এন্ট্রি করা হয়েছে কিনা তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা Probable List এর সাথে যাচাইপূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে www.nubd.info/mf হতে College Login এ প্রবেশ করে নিশ্চয়ন করে করে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ডাটা এন্ট্রির করার পর ১কপি প্রিন্ট করে তা আগামী ০৫.০৭.২০১৫ খ্রি. তারিখ বিকেল ৪ ঘটিকার মধ্যে বিবরণী অনুযায়ী সাজিয়ে কলেজ অফিসে জমা দিতে হবে।

৪। **অনলাইনে আবেদন ফরম পূরণের পর করণীয় ঃ**

ক) স্ব স্ব বিভাগের Probable List দেখে প্রত্যেক শিক্ষার্থীর অনলাইন আবেদন ফরমে বিভাগীয় প্রধানের স্বাক্ষর করে নিতে হবে। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি করে জমা দিতে হবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীকে সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ১ কপি অনলাইনে প্রাপ্ত আবেদন ফরমের নির্ধারিত স্থানে এবং ১ কপি ছবি স্ব স্ব বিভাগে আবেদন ফরমের ফটোকপির সাথে জমা দিতে হবে।

গ) প্রাইভেট ছাত্র-ছাত্রীদের প্রবেশপত্র গ্রহণের সময় ১কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংগে আনতে হবে।

ঘ) মানোন্নয়ন পরীক্ষার্থীদের প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফল সিটের ফটোকপি জমা দিতে হবে।

ঘ) কোন ছাত্র-ছাত্রী লাইব্রেরি থেকে বই গ্রহণ করে থাকলে তা ফেরত দিতে হবে। লাইব্রেরির বই ফেরত ব্যতিত কোন শিক্ষার্থী আবেদন ফরম পূরণ করতে পারবে না।

ঙ) মাস্টার্স শেষপর্বের কোন ছাত্র-ছাত্রীর নিকট লাইব্রেরির কোন বই পাওনা থাকলে বিষয়ওয়ারী তালিকা প্রস্তুত করে তা আগামী ০৯.০৬.২০১৫ খ্রি. তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে প্রদান করতে লাইব্রেরিয়ান- কে অনুরোধ বলা হল।

এই বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েব সাইট www.blcollege.edu.bd এ পাওয়া যাবে।

(প্রফেসর গুলশান আরা বেগম)
অধ্যক্ষ
সরকারি বি এল কলেজ, খুলনা